

# বাণী

শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষা শান্তি, শৃঙ্খলা ও সংযমকে মনের মাঝে ধারণ করে প্রগতিশীল পৃথিবী গড়ার লক্ষ্যে আমাদের এ শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট এর মাধ্যমে সকলের প্রতি রইল আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। প্রতিষ্ঠানের সকল সদস্য আধুনিক বিজ্ঞান সম্মত তথ্য প্রযুক্তিসমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে নিরলসভাবে কাজ করে চলেছে। শিক্ষার্থীদের আধুনিক ও প্রযুক্তিগত শিক্ষার মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তরের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন ত্বরান্বিত হবে। এ ধারাকে অব্যাহত রাখতে অত্র প্রতিষ্ঠানের শিক্ষক,শিক্ষিকা শিক্ষার্থী, অভিভাবক, বিদ্যালয় পরিচালনা পর্ষদ ও জনহিতকর এলাকাবাসীর সম্মিলিত প্রয়াস চিরকাল অম্লান থাকবে।

পড়ালেখার পাশাপাশি প্রতিটি শিক্ষার্থীর সহপাঠক্রমিক কাজ অতীব জরুরী। এটা মানব মনের সংকীর্ণতা ও দৈন্যতাকে দূর করে সাদা মনের অধিকারী করে গড়ে তোলে। উল্লেখ্য অত্র প্রতিষ্ঠানটি বিভিন্ন বোর্ড পরীক্ষায় সাফল্য দেখানোর মাধ্যমে ব্যাপক সুনাম অর্জন করেছে। আমি আশা করি বিদ্যালয়টি স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মহান সৃষ্টিকর্তার কৃপায় সামনে এগিয়ে যাবে – এ বিশ্বাস আমার এবং আপনাদের সকলের।

প্রধান শিক্ষক

শফী উদ্দিন আহমদ

খাষকাউলিয়া কে,আর পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয়

চৌহালী, সিরাজগঞ্জ।